

Class: চতুর্থ
Subject: বাংলা ১ম

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)
Topic: বীরপুরুষ

উত্তরপত্র ১- (৩.১০.২০)

ক). নিচের প্রশ্নগুলোর একবাক্যে উত্তর লিখ।

১. মা কিসে চড়ে যাচ্ছে?

উত্তর: মা পালকিতে চড়ে যাচ্ছে।

২. খোকা কিভাবে যাচ্ছে?

উত্তর: খোকা ঘোড়ায় চড়ে টগবগিয়ে যাচ্ছে।

৩. সন্ধ্যার সময় তারা কোথায় পৌঁছালো?

উত্তর: সন্ধ্যার সময় তারা জোড়া দিঘির মাঠে পৌঁছালো।

৪. কবি রবীন্দ্রনাথ ঠাকুর কলকাতার কোথায় জন্মগ্রহণ করেন?

উত্তর: কবি রবীন্দ্রনাথ ঠাকুর কলকাতার জোড়াসাঁকোর ঠাকুরবাড়িতে জন্মগ্রহণ করেন।

৫. কবি রবীন্দ্রনাথ ঠাকুর কী কী রচনা করেছেন?

উত্তর: কবি রবীন্দ্রনাথ ঠাকুর কবিতা, গল্প, উপন্যাস, নাটক, প্রবন্ধ ইত্যাদি রচনা করেছেন।

৬. বীরপুরুষ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

উত্তর: বীরপুরুষ কবিতাটি 'শিশু' কাব্যগ্রন্থের অন্তর্গত।

৭. কবি রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে নোবেল পুরস্কার লাভ করেন?

উত্তর: কবি রবীন্দ্রনাথ ঠাকুর ১৯১৩ সালে নোবেল পুরস্কার লাভ করেন।

৮. রবীন্দ্রনাথ ঠাকুর কত সালে মৃত্যুবরণ করেন?

উত্তর: রবীন্দ্রনাথ ঠাকুর ১৯৪১ সালে মৃত্যুবরণ করেন।

খ) কবির নামসহ 'বীরপুরুষ' কবিতাটির ১ম দশ লাইন লিখ।

গ) নিচের বাক্যগুলো সত্য হলে 'সত্য' মিথ্যা হলে 'মিথ্যা' লিখে সঠিক বাক্যটি লিখ।

১. খোকা রাঙা ঘোড়ার চরে যাচ্ছে। (সত্য)

২. সকাল বেলা তারা জোড়াদিঘির মাঠে পৌঁছাল। (মিথ্যা)-সন্ধ্যা বেলা

৩. বেয়াড়াগুলো পাশের কাঁটাবনে পালাল।-(সত্য)

৪. ডাকাতরা খোকাকে হারিয়ে বীরপুরুষ হলো।-(মিথ্যা)-খোকা ডাকাতদের হারিয়ে

৫. খোকা রক্ত মেখে ঘেমে বলল লড়াই গেছে থেকে।-(সত্য)

Class: চতুর্থ
Subject: বাংলা ১ম

Prepared by: আফরোজা তাসনিম (নিপা)
Topic: বীরপুরুষ

ঘ) নিচের শব্দগুলোর অর্থ লিখ।

প্রদত্ত শব্দ	শব্দার্থ
টগবগিয়ে	পানি ফুটবার মতো শব্দ করে
রাঙা	রঙিন
পট	যেখানে সূর্য ডোবে
জোড়াদিঘি	যেখানে পাশাপাশি দুটি দিঘি রয়েছে
স্মরণ	মনে করা
বেয়ারা	যারা কাঁধে পালকি বহন করে
থরোথরো	প্রচণ্ড কম্পন
ঝনঝনিয়ে	ঝনঝন শব্দ করে
দুর্দশা	খারাপ অবস্থা
সোঁতা	বহমান জলের মৃদু ধারা

ঙ) ‘ বীরপুরুষ ’ কবিতাটির সারমর্ম লিখ।

উত্তর: শিশুরা কল্পনা করতে ভালোবাসে। এই কবিতাটিও তেমনি এক ছোট্ট শিশুর কল্পনা। কবিতায় সে মায়ের সঙ্গে দূরদেশে যায়। পথে সে ডাকাতদের মোকাবেলা করে। বীরের মতো লড়াই করে মাকে রক্ষা করে।